



দুপুর ১২টা পর্যন্ত ভোট পড়েছে ৩২.৮৮ শতাংশ: ইসি সচিব



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুপুর ১২টা পর্যন্ত দেশের ২৯৯টি আসনের ৩২ হাজার ৭৮৯টি কেন্দ্রে গড়ে ৩২.৮৮ শতাংশ ভোট গ্রহণ হয়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) নির্বাচন ভবন থেকে প্রাথমিক তথ্যের ভিত্তিতে তিনি এ হার গণমাধ্যমকে জানান।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, এখন পর্যন্ত ভোটগ্রহণ সার্বিকভাবে শান্ত রয়েছে। ভোটাররা নির্বিঘ্নে কেন্দ্রে গিয়ে ভোট দিচ্ছেন এবং কোথাও বড় ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার খবর পাওয়া যায়নি। কোনো কেন্দ্রেই ভোট বন্ধ রাখতে হয়নি।

তিনি আরও জানান, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা সতর্ক অবস্থানে আছেন। কিছু স্থানে কেন্দ্রের বাইরে সামান্য উত্তেজনা দেখা দিলেও দ্রুত পদক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক করা হয়েছে।

LENS ASIA